এই পরিষেবাটি সম্পর্কে আপনি কী ভাবছেন, তা আমাদেরকে জানান।

এটি একটি পরীক্ষামূলক পরিষেবা। আমরা আশা করছি, এটি আপনার জন্য গর্ভনিরোধক পিল ব্যবহার চালিয়ে নেওয়া সহজ করবে। জিপি (GP) –এর সাথে একটি
অ্যাপয়েন্টমেন্টের জন্য অপেক্ষা করার পরিবর্তে, আপনি আপনার জন্য সুবিধাজনক
একটি সময়ে আপনার নিকটস্থ কোনো ফার্মেসিতে যেতে পারেন এবং একই রকম
বিশেষজ্ঞ পর্যায়ের পরামর্শ পেতে পারেন।

এই পরিষেবাটি ব্যবহারের ক্ষেত্রে আপনার অভিজ্ঞতা সম্পর্কে আমরা জানতে চাই। কোন ব্যাপারটি ভালো কাজে দিচ্ছে এবং কোন ক্ষেত্রে আমরা আরো ভালো করতে পারতাম বলে আপনি মনে করেন, তা আপনি আমাদের বলতে পারেন। পরিষেবাটি আরো ব্যাপকভাবে সহজলত্য হওয়া প্রয়োজন কি না, তা স্থির করতেও আপনার প্রতিক্রিয়া আমাদের সাহাষ্য করবে।

কার্মাসিস্ট আপনাকে জিপ্তেস করবেন, আপনি কি টেক্সট –এর মাধ্যমে একটি সংক্ষিপ্ত জরিপ সম্পন্ন করতে ঢান কি না। আপনি এতে অংশগ্রহণ করবেন কি না তা আপনি পছন্দ করতে পারেন, এবং আপনার উত্তরগুলো ফার্মাসিস্টকে জানানো হবে না।

আপনি england.pharmacyintegration@nhs.net – এ ইমেইল করেও আমাদেরকে আপনার মতামত জানাতে পারেন।





আপনি যদি ইতোমধ্যেই মুথে থাওয়ার গর্ভ-নিরোধক ব্যবহার করে থাকেন, তাহলে এথন আপনি কিছু স্থানীয় ফার্মেসী থেকেই প্রবর্তী সাপ্লাই পেতে পারেন।

আপনার জিপির সাথে অথবা কোনো ক্লিনিকে একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করার চেয়ে এটা অধিকতর সুবিধাজনক হতে পারে। আপনার জন্য সুবিধাজনক একটি সময় আপনি পছন্দ করতে পারবেন, এবং এই পরিষেবাটি বিনামূল্যের এবং এতে গোপনীয়তা বজায় রাখা হয়।

আপনার ফার্মাসিস্ট, আপনাকে গর্ভ-নিরোধক ব্যবহার করার ব্যাপারে, আপনার জিপির মতো একই রক্মের বিশেষজ্ঞ পর্যায়ের পরামর্শ দিতে পারেন। আপনি তাদের সাথে একজনের বিপরীতে একজন বসে সরাসরি একান্তে একটি কন্সালটেশন রুমে কথা বলতে পারেন।

এই পরিষেবাটি কারা ব্যবহার করতে পারবে এবং আমি কোন ফার্মেসিতে যেতে পারি?

আপনি এই পরিষেবাটি ব্যবহার করতে পারেন, যদি:

- আপনি ইতিমধ্যেই একটি মুখে খাওয়ার গর্ভ-নিরোধক নিচ্ছেন যা আপনার জন্য প্রেসক্রাইব করা হয়েছে
- আপনার পরবর্তী গর্ভ-নিরোধক –এর সাপ্লাই প্রযোজন হয
- আপনি এই পরীক্ষামূলক প্রকল্পে অংশ নিতে পেরে খুশি হন।

আপনার জিপি অথবা যৌন-স্থাস্থ্য ক্লিনিক আপনাকে রেফার করতে পারে, অথবা স্রেফ গিয়ে ফার্মেসি টিমের সাথে এই পরিষেবাটি সম্পর্কে কথা বলুন। কিছু ফার্মেসি আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করতে বলবে, কিন্তু অন্যগুলোতে আপনি গিয়ে উপস্থিত হলেই হবে। আপনাকে কোনো অ্যাপ্লিকেশন ফর্ম পূরণ করতে হবে না। পরামর্শ করার জন্য প্রয়োজনীয় সময়, এবং পরামর্শ ও পরবর্তী সাপ্লাই পাওয়ার মধ্যবর্তী যে সময়টুকু আপনাকে অপেক্ষা করতে হবে তা আপনার ব্যক্তিগত চাহিদার উপর নির্ভর করবে। ফার্মাসিস্ট সবসময়ই আপনাকে পরামর্শ এবং সহাযতা প্রদানে সক্ষম খাকবেন।

কোন কোন স্থানীয় ফার্মেসিগুলো এই পরিষেবা প্রদান করে তা জানতে, এবং আরো তথ্যের জন্য আমাদের পেজটি দেখে আসুন: www.england.nhs.uk/pharmacycontraception/.

প্রামর্শের মধ্যে কী কী অন্তর্ভুক্ত থাকবে?

একজন প্রশিক্ষণ-প্রাপ্ত ফার্মাসিস্ট আপনাকে পরামর্শ প্রদানের কাজটি সম্পন্ন করবেন। আপনার জিপি আপনাকে যা জিজ্ঞাসা করতেন, ঠিক একই ধরনের প্রশ্ন তারা আপনাকে করবেন। তারা হয়তো কিছু ব্যাপার পরীক্ষা করে নেবেন – যেমন: আপনার রক্তচাপ ও ওজন পরীক্ষা করা, এবং আপনার মেডিক্যাল হিস্ট্রি সম্পর্কে জেনে নেওয়া।

আপনার কোনো ব্যাপারে উদ্বেগ থাকলে তা নিয়ে ফার্মাসিস্ট আপনার সাথে আলোচনা করবেন। উদাহরণস্বরূপ: আপনি যদি গর্ভ-নিরোধক ব্যবহার করার ফলে কোন ধরনের পার্শ্ব-প্রতিক্রিয়া লক্ষ্য করে থাকেন, সেটা আপনি তাদেরকে বলতে পারেন। আপনি যদি কোনো পার্শ্ব-প্রতিক্রিয়া লক্ষ্য করে থাকেন, ফার্মাসিস্ট তা সামলানোর উপায় বের করতে আপনাকে সহায়তা করতে পারবেন, এবং প্রয়োজনে আপনাকে পরবর্তী সহায়তার জন্য আপনার জিপি অথবা যৌন-স্বাস্থ্য ক্লিনিকে রেফার করতে পারবেন।

কোনো শ্বাস্থ্য সমস্যাব ব্যাপাবে কি আমার জিপিকে অবহিত করা হবে?

যদি ফার্মাসিস্ট কোনো শ্বাস্থ্য সমস্যা চিহ্নিত করেন, উদাহরণশ্বরূপ: উচ্চ রক্তচাপ, তাহলে তারা এই তথ্য আপনার জিপিকে জানানোর ব্যাপারে আপনার সাথে কথা বলবেন। পরামর্শটি গোপনীয় থাকবে, সুতরাং আপনার সম্মতি ছাড়া ফার্মাসিস্ট আপনার জিপির সাথে কখনো কথা বলবেন না।

আমি কি নতুন গর্ভনিরোধক পদ্ধতি শুরু করতে বা স্যুইচ করতে পারব?

পরীক্ষামূলক প্রকল্পের এই পর্যায়ে, ফার্মাসিস্ট আপনাকে একটি ভিন্ন গর্ভনিরোধক পদ্ধতি প্রদান করতে পারবে না – এর জন্য আপনাকে আপনার জিপি বা যৌন স্বাস্থ্য ক্লিনিকে যেতে হবে।

